



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শেরে বাংলা এ কে ফজলুল হক-এর জন্মদিন পালন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ অক্টোবর ২০২০।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শেরে বাংলা হলের আয়োজনে পালিত হয়েছে শেরে বাংলা এ কে ফজলুল হক-এর ১৪৭ তম জন্মদিন। জন্মদিন উপলক্ষে অদ্য ২৬ অক্টোবর সকাল ১০ টায় শেরে বাংলা এ কে ফজলুল হক-এর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের শেরে বাংলা হলের প্রাধ্যক্ষ, ফিন্যান্স এ্যান্ড ব্যাংকিং বিভাগের সহকারি অধ্যাপক মোঃ ইব্রাহিম মোল্লার নেতৃত্বে হল প্রশাসন। এসময় অন্যান্যদের মধ্যে শেরে বাংলা হলের আবাসিক শিক্ষক রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারি অধ্যাপক মোঃ সোহেল রানা, সেকশন অফিসার মোঃ জসিম উদ্দিন সহ কর্মকর্তা ও কর্মচারিরা উপস্থিত ছিলেন। শেরে বাংলা এ কে ফজলুল হক-এর ১৪৭ তম জন্মদিন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে অদ্য বাদ যোহর এক বিশেষ দোয়া ও মোনাজাতেরও আয়োজন করা হয়েছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস